

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারি)

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আশ্বিন, ১৪০৬/২ ফেব্রুয়ারি, ২০০৮

এসআরও নং-৩২-আইন/২০০৮/২৯৬-আবগারি।— Excises and Salt Act, 1944 (Act No. I of 1944) এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার গ্রামীণ ব্যাংকের “গ্রামীণ পেনশন ক্ষীম”, অতঃপর উক্ত ক্ষীম বলিয়া উল্লিখিত, এ বিনিয়োগের উপর আইনের অধীন আরোপণীয় আবগারি শুল্ক নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

(ক) শুধুমাত্র গ্রামীণ ব্যাংকের সদস্য, কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত ক্ষীমে অর্থ বিনিয়োগ করিতে পারিবে; এবং

(খ) উক্ত ক্ষীম সম্পর্কে গ্রামীণ ব্যাংক প্রতি বৎসর বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতিবেদন (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ে ও ছকে) দাখিল করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: মাহবুবুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)